



উত্তম চর্চা (Best Practice):

১। অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণঃ

(ক) **Fingerprint Time Attendance System** স্থাপনের মাধ্যমে যথাসময়ে কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতি এবং অফিসকালীন পূর্ণ সময়ে দপ্তরে হাজিরা নিশ্চিত করা হচ্ছে। এতে সময়মত অফিসে উপস্থিতি বেড়ে গেছে। উৎপাদনশীলতা বেড়ে যাওয়ায় প্রতিষ্ঠান সরাসরি এর সুফল পাচ্ছে।

(খ) পূর্বের প্রবর্তিত ম্যানুয়েল রেজিস্টার খাতার প্রয়োজন পড়ছে না। লোকবল এবং সময়ের অপচয় রোধ হচ্ছে।

২। বিদ্যুৎ সেক্টরের বিলিং-এ উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণঃ

দেশের বৃহৎ সেবাখাত বিদ্যুৎ বিভাগের বিলিং সিস্টেমে উন্নত সেবা নিশ্চিতকরণে টেশিস ডিপিডিডি, ডেসকো এবং বিআরইবি তে স্মার্ট এনার্জি মিটার সরবরাহ করছে। এ মিটার ব্যবহারে গ্রাহক মোবাইল ফোন থেকে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারছেন।

৩। উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণঃ

গ্রাহকদের সর্বাধিক প্রাধান্য দিয়ে দ্রুততার সাথে সমস্যা সমাধান করা যাতে কোন গ্রাহক কোন প্রকার ভোগান্তির সন্মুখীন না হয়।

৪। নৈতিকতা উন্নয়নঃ

(ক) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক প্রেরিত “নৈতিকতা উন্নয়নে করণীয়” শীর্ষক লিফলেট টি টেশিস এর গুরুত্বপূর্ণ সকল স্থানে বন্টন এবং টাঞ্জিয়ে দেয়া হয়েছে।

(খ) কর্মকর্তা/কর্মচারীগণ তাহাদের করণীয় সম্পর্কে সচেতন হয়েছেন, পূর্বের তুলনায় নৈতিকতা বিষয়ক ইতিবাচক পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে।

৫। অফিসিয়াল কাজে ই-মেইল ব্যবহার, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে বিভিন্ন তথ্য উন্মোচনঃ

ক) অফিসে অভ্যন্তরীণ কাজে এবং অন্যান্য সকল দপ্তরে পত্র যোগাযোগ ও তথ্য বিনিময় ই-মেইল এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। ফলে দ্রুততম সময়ে বিভিন্ন দাপ্তরিক কাজ সম্পাদিত হচ্ছে।

খ) ওয়েবসাইট হালনাগাদ করে সেবা গ্রহীতাদের জন্য সিটিজেন চার্টারসহ বিভিন্ন তথ্য উন্মোচন করা হচ্ছে। ইন্টারনেটভিত্তিক তথ্য উন্মোচনের ফলশ্রুতিতে এখন তারার কামেলাহীনভাবে এবং দ্রুততম সময়ে সেবা গ্রহণ করতে পারছেন।

৬। পরিবেশ দূষণ রোধ ও টেশিস এর অভ্যন্তরীণ সৌন্দর্য রক্ষাঃ

(ক) টেশিসকে ধূমপান মুক্ত এলাকা ঘোষণা করে সকল শাখায় “ধূমপান নিষেধ” শীর্ষক লিফলেট টাঞ্জিয়ে দেওয়া হয়েছে।

খ) যেখানে সেখান বর্জ্য ফেলা রোধে পর্যাপ্ত সংখ্যক ছোট আকারের ডাস্টবিন এর ব্যবস্থা করা হয়েছে। এবং এর সঠিক ব্যবহার নিশ্চিতকরণের জন্য সঠিক স্থান নির্ধারণ করা হয়েছে। লিফলেট/সাইনবোর্ড টানিয়ে এর সঠিক ব্যবহার নিশ্চিতের নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) টেশিসের অভ্যন্তরে সৃজিত ফুল ও ফলের বাগানের ফুল ছেড়া/ গাছের ডাল না ভাঙার বিষয়ে নির্দেশিকা সম্বলিত সাইনবোর্ড টানানো হয়েছে।



৭। বিশুদ্ধ পানির ব্যবস্থাঃ

বিশুদ্ধ পানির সংস্থান এর পাশাপাশি এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ। বিভিন্ন স্থানে উন্নত মানের ওয়াটার ফিল্টার স্থাপন করা হয়েছে এবং সঠিক প্রয়োগের জন্য নির্দেশিকা টানিয়ে দেয়া হয়েছে।

৮। বৈদ্যুতিক অপচয় রোধঃ

দাপ্তরিক কাজের শেষে কাজে ব্যবহৃত কম্পিউটার ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি সঠিকভাবে বন্ধ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। কর্মকর্তা/কর্মচারীগণ তাহাদের দাপ্তরিক কাজের শেষে কাজে ব্যবহৃত কম্পিউটার ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি সঠিকভাবে বন্ধ করার প্রবনতা বৃদ্ধি পেয়েছে।

৯। মাস্ক ছাড়া প্রতিষ্ঠানে প্রবেশ নিষেধঃ


সকলকে মাস্ক পরিহিত অবস্থায় প্রতিষ্ঠানে প্রবেশ এবং অবস্থান নিশ্চিতকরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। টেশিসে প্রবেশ দ্বারে মাস্ক ছাড়া প্রতিষ্ঠানে প্রবেশ নিষেধ (No Musk No Entry) স্লোগান সম্বলিত নির্দেশনা টানিয়ে দেয়া হয়েছে।

১০। স্বাস্থ্য বিধি মেনে প্রতিষ্ঠানের সকল কার্যার্থি সম্পন্ন করার সু-ব্যবস্থাঃ

- ক) সেবা গ্রহণে আগত গ্রাহকদের নিরাপদ দূরত্ব নিশ্চিত করার লক্ষ্যে ন্যূনতম ৩ ফিট দূরত্ব রেখে পয়েন্টকে সার্কেল মার্কিং করা হয়। নিয়ন্ত্রণরক্ষী মাধ্যমে ন্যূনতম ৩ ফিট দূরত্ব নিশ্চিত করার ব্যবস্থা করা হয়। সংস্থার অভ্যন্তরে নিরাপদ দূরত্ব নিশ্চিত করার জন্য ডেস্ক ও চেয়ার নিরাপদ দূরত্বে স্থাপন করা হয়েছে।
- খ) প্রধান ফটকের বাহিরে ভেসিন ও পানির কল স্থাপন, সাবান- জীবাণুনাশক লিকুইড এর সু-ব্যবস্থা।
- গ) প্রতিষ্ঠানে প্রবেশ এর সময় অনুপ্রবেশকারীদের অপটিক্যাল থার্মাল টেস্ট, সাবান-জীবাণুনাশক স্প্রে, নিরাপত্তা কাজে নিয়োজিত কর্মচারীদের পিপিই ও মাস্ক এর সু-ব্যবস্থাকরণ।
- ঘ) সংস্থার অভ্যন্তরের সকল ভেসিনসমূহে সাবান- জীবাণুনাশক লিকুইড এর সু-ব্যবস্থা করা।
- ঙ) নিয়মিত সংস্থার অভ্যন্তরে জীবাণুনাশক স্প্রে করন ইত্যাদি।

১১। ডেস কোডঃ

সংস্থায় নিয়োজিত সকল কর্মচারীকে সংস্থা প্রদত্ত ডেস পরিধান করে অফিসে যথাসময়ে উপস্থিত হতে হয়।


11/10/2020

প্রকৌঃ মোঃ মিজানুর রহমান মোল্লা
ডিজিটেল (বিক্রয়, বিপণন ও সেবা)
টেশিস, টঙ্গী, গাজীপুর।